ভাষা এবং সাক্ষরতা

# বিদ্যালয় ও বাড়ির আদান প্রদান

## School–home communication





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া) টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট(-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস )OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে। এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs কার্যকরীমূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/) । OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

### ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: . এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0 LL01v1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীর্ব একর্ব ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

TESS-India is led by The Open University UK and funded by UK aid from the UK government

# এই  ইউনিটের বিষয়বস্তু

শিশুরা বাড়িতে ও সমাজে অন্যদের সঙ্গে পারস্পরিক যোগাযোগের মাধ্যমে অর্জিত ধারণা, ভাষা, জ্ঞান, দক্ষতার সঙ্গে বিদ্যালয় শুরু করে। আপনি তাদের ভাষাগত ও সাংস্কৃতিক ক্ষমতাকে তাদের ধারাবাহিক উন্নতির জন্য মূল সম্পদ হিসাবে উপলব্ধি করলে বিদ্যালয়ে তাদের আনুষ্ঠানিক শিক্ষা আরো বেশি কার্যকর হবে।

আপনার ভাষা এবং সাক্ষরতা শিক্ষায় আপনার শিক্ষার্থীর বাড়ি এবং সমাজভিত্তিক অভিজ্ঞতাকে গুরুত্ব দেওয়া ও তা থেকে আহরণ করার নানা উপায়গুলি আপনি এই ইউনিটে অন্বেষণ করবেন।

# এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার শ্রেণিকক্ষের রুটিনে আপনার শিক্ষার্থীদের সম্পর্কে আরও জানতে কীভাবে সুযোগগুলি সমন্বিত করতে হবে।
- আপনার শিক্ষার্থীদের স্কুলের বাইরের অভিজ্ঞতাগুলি আহরণ করে এমন ভাষা পাঠগুলি কীভাবে পরিকল্পনা করতে হবে।

# এই পদ্ধতি গুরুত্বপূর্ণ কেন

বাড়িতে এবং সমাজে অপ্রথাগতভাবে শিখতে শিক্ষার্থীরা তাদের অনেক সময় ব্যয় করে। তবে, নির্দেশের মূল উত্স হিসাবে পাঠ্যপুস্তক মেনে চলার প্রবণতার মানে হল এই যে, শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে যে দক্ষতা, জ্ঞান ও অভিজ্ঞতা নিয়ে আসে, শিক্ষকরা তা উপেক্ষা করতে পারেন।

ছোট বাচ্চারা যখন প্রথম বিদ্যালয়ে আসে তখন অপরিচিত মানুষ, রুটিন এবং ভাষার সম্মুখীন হয় যা তাদের বিমূঢ় করতে পারে। আপনার শিক্ষার্থীদের জানা সাংস্কৃতিক রীতি এবং ভাষার বৈচিত্র্যকে গুরুত্ব দেওয়ার দ্বারা আপনি এই নতুন বিষয় বস্তুর ক্ষেত্রে তাদের আরো নিরাপদ বোধ করতে সাহায্য করতে পারেন।

প্রতিদিন বাচ্চাদের গৃহ-ভিত্তিক শিক্ষা ও স্কুল-ভিত্তিক শিক্ষার মধ্যে একটি সেতু অতিক্রম করতে হবে। একইভাবে শিক্ষক ও শিক্ষার্থীদের সুবিধার জন্য এই ইউনিট এই পরিবর্তনটি সহজেই অর্জনের উদ্দেশ্যে অ্যাক্টিভিটি  বা  অ্যাক্টিভিটিগুলির প্রস্তাব দেয়।

# 1 স্কুলের বাইরে শিক্ষার্থীদের শিক্ষা

### চিন্তার জন্য সাময়িক বিরতি

- কিরকম দক্ষতা এবং জ্ঞান আপনি চিন্তা করতে পারেন যা আপনার শিক্ষার্থীরা স্কুলের বাইরে অর্জন করেছে?
- আপনি কি মনে করেন আপনার শিক্ষার্থীর বাড়ি বা সমাজের ভাষা এবং সাংস্কৃতিক জ্ঞান তাদের স্কুলের পড়াশোনার জন্য উপযোগী? কেন, বা কেন নয়?

কেস স্টাডি 1-এ, একজন শিক্ষক একটি প্রাক-স্কুল বাচ্চার শেখার অভিজ্ঞতা জানতে পারেন।

## কেস স্টাডি 1: শ্রীমতি মুর্মু একটি বাচ্চার প্রাক-স্কুল জ্ঞান এবং দক্ষতা  বিবেচনা করেন

*শ্রীমতি মুর্মু, বাঁকুড়ার একজন প্রাথমিক শিক্ষক, তাঁর ক্লাসের  একজন  শিক্ষার্থীর অভিভাবকের দোকান থেকে একটি বাটি কেনার*

*অভিজ্ঞতা বর্ণনা করেন। সেখানে তিনি তাঁর শিক্ষার্থীর চার বছরের বোন বকুলের সম্মুখীন হন, যে এখনো স্কুলে পড়ে না।*

বকুল একটি কার্ডবোর্ডের বাক্সের পাশে মেঝেতে বসে ছিল। সে মোড়ক খুলে বের করেছিল, সেগুলি গণনা করছিল, এবং সেগুলিকে স্তূপাকারে বাছাই করছিল। তার বাবা একজন ক্রেতার সঙ্গে কথা বলছিলেন। আমি বকুলকে জিজ্ঞাসা করেছিলাম, ‘তুমি কি বাটি বিক্রি কর? ‘ সে তার মাকে ডাকে, যিনি দোকানের পিছন দিক থেকে হাজির হন। তার মা কোণায় অঙ্গুলিনির্দেশ করে, বাচ্চটির বাড়ির ভাষায় উত্তর দিয়েছিলেন, তবে ‘bowl’-এর জন্য আঞ্চলিক শব্দ ব্যবহার করেছিলেন। বকুল আমার সঙ্গে বাটিগুলো দেখানোর জায়গায় গিয়েছিল আর দুটি বা তিনটি হাতে তুলে নিয়েছিল, আর আমাকে  উপলভ্য বিভিন্ন রংগুলো দেখিয়েছিল। আমি একটি লাল বাটি বেছে নিয়েছিলাম, যা সে কাউন্টারে নিয়ে এসেছিল। সে তখন আমার টাকা নিয়েছিল এবং সেটা তার মাকে দিয়েছিল, যিনি আমাকে ফেরত দেওয়ার জন্য সঠিক খুচরো টাকা তার হাতে দিয়েছিলেন। এটাকে আমার ব্যাগে রাখার আগে বকুল বাটিটিকে কাগজে মুড়তে তার মাকে সাহায্য করেছিল। শেষে, তার মায়ের সাথে একসঙ্গে, সে আমাকে ধন্যবাদ জানায় এবং আঞ্চলিক ভাষায়  বিদায় বলে।

আমি দোকান ছেড়ে চলে আসার পরে ভেবে দেখলাম যে বকুল যে জ্ঞান এবং দক্ষতা অর্জন করছে সেটা তার বিদ্যালয় শুরু করার সময় উপকারে লাগবে।

(কেনার (Kenner), 2000 থেকে অভিযোজিত)

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- বকুল ভাষা ও সংযোগ সম্পর্কে কি জানে?
- বকুল কেস স্টাডিতে আর কি কি দক্ষতা প্রদর্শন করে?

আমাদের সাথে আপনার ধারণাগুলো তুলনা করুন।

বকুল গণিতের প্রাথমিক জ্ঞান অর্জন করছে। সে গণনা করতে পারে, এবং সে কীভাবে বাছাই করতে এবং শ্রেণিভুক্ত করতে হয় তা শিখছে। সে অর্থ এবং খুচরো টাকাপয়সা সম্পর্কে বুঝতে শুরু করেছে। সে দোকানের কাজ সম্পর্কে জানে। সে শুনতে, কোন প্রশ্ন বুঝতে এবং তথ্য গ্রহণ করতে পারে। সে এটাও জানে কীভাবে কোন গ্রাহকের সঙ্গে বিনম্রভাবে কথা বলতে হয়।

বকুল তার বাড়ির ভাষায় আত্মবিশ্বাসের সাথে কথা বলে। সে রঙের নাম, প্রশ্নের ভাষা, নির্দেশাবলী এবং দিকগুলি জানে। সে এছাড়াও কিছু হিন্দি বুঝতে পারে, যা সে আপনাকে ধন্যবাদ এবং বিদায় বলতে ব্যবহার করে। সে এ বিষয়ে অবগত হয়ে উঠছে যে মানুষ বিভিন্ন ভাষায় ভাববিনিময় করতে পারে।

পর্যবেক্ষণ, পারস্পরিক যোগাযোগ এবং অনুকরণের মাধ্যমে, বকুল গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞান এবং যোগাযোগের দক্ষতা অর্জন করছে। যখন সে স্কুলে যায়, তখন এইগুলি আরও শেখা এবং ভাষা উন্নয়নের ক্ষেত্রে দৃঢ় ভিত্তি হিসাবে কাজ করে।

শিক্ষার্থীরা স্কুলে যাওয়ার সাথে সাথে একই সময়ে বাড়িতে এবং সমাজে মূল্যবান জ্ঞান ও দক্ষতা অবিরত অর্জন করতে থাকে। আপানার শিক্ষার্থীরা তাদের ছোট ভাইবোনের লালনপালনে, ঠাকুমা ঠাকুরদার পরিচর্যায়, পরিবারের পশুদের দেখাশোনায় সাহায্য করতে পারে, বাজারের দোকানে তাদের বাবামায়েদের সাহায্য করতে পারে, খাবার তৈরিতে সহায়তা করতে পারে, কোন বিশেষ নৈপুণ্য আয়ত্ত করতে বা খেলাধুলো করে আনন্দ লাভ করতে পারে। এই ধরনের কার্যক্রম তাদের ভাষা ও সাক্ষরতার বিকাশে অনেক অপ্রথাগত শিক্ষার সুযোগ প্রদান করে, যা বিদ্যালয় পরিসরের ভিতরেও তৈরি করা যেতে পারে।

# 2 শ্রেণিকক্ষের কথাবার্তা

আপনার শিক্ষার্থীদেরকে তাদের আগ্রহ, অ্যাক্টিভিটি এবং অঙ্গীকার সংক্রান্ত কথা বলার জন্য সুযোগ দিলে, তা আপনার শ্রেণিকক্ষের যথার্থ যোগাযোগকে উৎসাহিত করবে। এটা আপনাকে আপনার শিক্ষার্থীর কথা বলা এবং শোনার দক্ষতা মূল্যায়ন করতেও সক্ষম করবে। এটি তাদের ক্ষেত্রে বিশেষ সহায়ক যাদের বাড়ির ভাষা বিদ্যালয়ের ভাষা থেকে আলাদা।

আপনাকে শুরু করতে সহায়তা করার জন্য নিম্নলিখিত ব্যবহারিক অ্যাক্টিভিটিগুলি বা অ্যাক্টিভিটিগুলির পরিকল্পনা করা হয়েছে।

### অ্যাক্টিভিটি 1: দৈনন্দিন কথাবার্তা

বিদ্যালয়ের পরবর্তী শিক্ষাপর্ব পর্য্যন্ত, একটি দৈনন্দিন রুটিন আরম্ভ করুন যেখানে আপনি আপনার শিক্ষার্থীদের সঙ্গে সংক্ষিপ্ত, অনানুষ্ঠানিক কথাবার্তা বলবেন, তা পৃথকভাবে বা একটি দলে করা যেতে পারে। এটা দিনের শুরু বা শেষে, বা একটি বিরতির সময়ে করা যেতে পারে। নিশ্চিত করুন যে নির্দিষ্ট সময়ের মধ্যে আপনি আপনার সমস্ত শিক্ষার্থীর সঙ্গে কথাবার্তা বলেছেন। আপনি এর ওপর নজরদারি করতে একটি সহজ টিক্ চিহ্নভিত্তিক তালিকা রাখতে পারেন।

উদাহরণস্বরূপ, তারা কোনো সাম্প্রতিক উৎসবে আনন্দ করেছে কিনা, সাম্প্রতিক ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা,বা কোন নির্দিষ্ট ক্রিকেট ম্যাচ দেখেছে কিনা, আপনি তাদের এই সব জিজ্ঞাসা করতে পারেন। আপনার শিক্ষার্থীরা স্কুলের বাইরে যা শেখে এবং তারা পাঠে যার ওপর মনোযোগ দিচ্ছে, সেগুলোর মধ্যে সংযোগ স্থাপনের সুযোগগুলির সন্ধান করুন। আপনি বলতে পারেন:

> ‘আমি জানি এই মাসে, এমনকি এই ভয়ানক আবহাওয়াতেও তোমাদের মধ্যে অনেকেই তোমাদের বাবামাকে বাজারে অনেক সাহায্য করেছ। সাবাশ! আজকের গণিতের পাঠে তুমি তোমার দক্ষতা দেখাতে পার, কারণ আমরা টাকা পয়সা যোগ এবং বিয়োগের কাজ করছি। তোমাদের মধ্যে কতজন বাজারে খুচরো টাকাপয়সা দিয়েছিলে? তুমি কি তোমার অঙ্ক তোমার মা বা বাবাকে দিয়ে যাচাই করিয়েছিলে?’

আপনার শিক্ষার্থীদের প্রত্যুত্তরগুলি আপনাকে তাদের জ্ঞান এবং দক্ষতা সম্পর্কে ধারণা দেয়, যা তারা বিদ্যালয়ের শিক্ষার জন্য সঙ্গে করে নিয়ে আসে। আপনি আপনার শিক্ষার্থীদের সম্পর্কে কি জানেন, আর তাদের কোন আগ্রহ ও অ্যাক্টিভিটিগুলি অন্যদের সাথে অনুরূপ, তা লিখে রাখুন।

আপনি শিক্ষাপর্ব জুড়ে এই কাজ করার সময় আপনার পাঠ্যবই, আপনার পাঠক্রম এবং আপনার শিক্ষণ পরিকল্পনায় সেই সম্ভাবনাগুলি সন্ধান করুন যা আসন্ন বিষয়গুলির সঙ্গে আপনার শিক্ষার্থীদের জ্ঞান বা তাদের আগ্রহের সংযোগ ঘটাতে পারে।

এই কথা বলা এবং শোনার অ্যাক্টিভিটিকে প্রসারিত করতে, আপনার শিক্ষার্থীদের, তারা বিদ্যালয়ে না থাকার সময় কি করে সেই সংক্রান্ত একটি সাপ্তাহিক ‘দিনপঞ্জী’ লিখতে বলুন।

শ্রেণিকক্ষে আপনার সব শিক্ষার্থীদের যুক্ত করার বিষয়ে আরও তথ্যের জন্য সম্পদ 1 পড়ুন।

ভিডিও: সকলকে যুক্ত করা

### অ্যাক্টিভিটি 2: একটি শ্রেণিকক্ষের আলোচনা

শিক্ষার্থীদের বিদ্যালয়ের বাইরে আগ্রহ ও অঙ্গীকারগুলির ওপর একটি শ্রেণিকক্ষের আলোচনা পরিকল্পনা করুন। সংকেত হিসাবে একটি একক সুনির্দিষ্ট প্রশ্ন ব্যবহার করুন। এখানে কিছু ধারণা আছে, কিন্তু আপনাকে আপনার নিজের বিষয়বস্তুর ভিত্তিতে প্রশ্নগুলি নির্বাচন করতে হবে:

- বাড়িতে সাহায্য করতে তোমরা কি ধরনের কাজ কর? তোমরা কি করতে সবথেকে বেশি পছন্দ কর? তোমরা কি করতে সবথেকে কম পছন্দ কর?
- তোমাদের সপ্তাহ শেষের ছুটির সেরা অংশ কোনটা ছিল? কোনটা তুমি খুব বেশি উপভোগ কর নি?
- তোমরা বিদ্যালয়ের ছুটির সময় কি করবে?

ব্ল্যাকবোর্ডে প্রশ্নটা লিখুন। নিজেই উত্তর দিয়ে এটা শুরু করুন।

তারপর দুজন বা তিনজন শিক্ষার্থীকে প্রশ্নটা জিজ্ঞাসা করুন। পরবর্তী প্রশ্ন ব্যবহার করে ও এই ধরনের কথা বলে আদানপ্রদান বাড়ান যেমন ‘সত্যি? তুমি ওটা কোথায় শিখেছিলে?’, ‘তুমি এরপর কি করবে?’ ইত্যাদি ইত্যাদি।

ছোট ছোট দলে আপনার শিক্ষার্থীদের ভাগ করুন এবং তাদেরকে ব্ল্যাকবোর্ডের প্রশ্ন নিয়ে একসঙ্গে আলোচনা করতে বলুন। অনুসরণমূলক প্রশ্নগুলি একে অন্যকে জিজ্ঞাসা করতে তাদের উৎসাহিত করুন। তারা কথা বলার সময়, সবাই অংশগ্রহণ করছে কিনা নিশ্চিত হতে চারদিকে ঘুরুন এবং দলগুলির ওপর নজর রাখুন।

ছোট দলের আলোচনার বিকল্প হিসাবে আপনি আপনার শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় একে অপরের সাক্ষাৎকার নিতে বলতে পারেন, এবং তারপর নোট নিন এবং ছোট করে লিখুন তাদের সাথীরা তাদের কি বলল।

# 3 একটি শ্রেণিকক্ষের প্রকল্প

পরবর্তী কেস স্টাডিতে, একটি বর্ধিত ভাষা ও সাক্ষরতা প্রকল্প পরিকল্পনা করতে একজন শিক্ষক শিক্ষার্থীদের সম্বন্ধে তাঁর জ্ঞানকে ব্যবহার করেন।

## কেস স্টাডি 2: শ্রীমতি রাইমনি হাঁসদার উৎসব সংক্রান্ত ভাষা ও সাক্ষরতা প্রকল্প

*শ্রীমতি রাইমনি হলেন ক্লাস V-এর শিক্ষিকা, তিনি উৎসবের ওপর পাঠ্যবইয়ের একটি পাঠ দ্বারা উৎসাহিত হয়েছিলেন।*

আমার শিক্ষার্থীরা এইমাত্র একটি পাঠ্যবইয়ের পাঠ সম্পন্ন করেছে, যেখানে ভারতের প্রধান উৎসব যেমন ঈদ ও হোলির বর্ণনা দেওয়া হয়েছে। আমাদের নিজস্ব সম্প্রদায়ে আমাদের অনেকগুলি আকর্ষণীয় উৎসব আছে, তাই আমি আমাদের স্থানীয় উৎসবগুলিতে মনোনিবেশ করার সিদ্ধান্ত নিয়েছিলাম, যার মধ্যে অনেকগুলি শীঘ্রই আসছে।

আমার শিক্ষার্থীরা কি কি উত্সবে অংশ নিয়েছিল তা জিজ্ঞাসা করার দ্বারা শুরু করেছিলাম, এবং তাদের উত্তরগুলো ব্ল্যাকবোর্ডে লিখে নিয়েছিলাম।

আমি তারপরে আমার শিক্ষার্থীদের দলে ভাগ করি, প্রত্যেকটি দল একটি উৎসবের প্রতিনিধিত্ব করে। আমি প্রতিটি দলকে একটি কাগজের বড় টুকরো দিই এবং ব্যাখ্যা করে বলি যে উৎসব সম্বন্ধে তাদের পক্ষে যত বেশি সম্ভব লিখতে হবে: উত্সবে কী কী উদ্‌যাপন করা হয়েছিল, কোন দেব-দেবীর পূজা করা হয়, কোন কোন সম্প্রদায় জড়িত ছিল, কী ধর্মানুষ্ঠান অনুসরণ করা হয়েছিল, কী খাবার রান্না করা হয়েছিল, কেউ কী কোনো বিশেষ পোশাক পরেছিল, এবং কী কী অ্যাক্টিভিটি হয়েছিল। আমি তাদের বলি যে তাদের ইচ্ছে

হলে আলোচনা এবং তাদের নোটের জন্য তারা বাড়ির ভাষা ব্যবহার করতে পারে।

আমি তারপর প্রতিটি দলকে তাদের চিন্তাভাবনা পুরো ক্লাসের সামনে প্রকাশ করতে বলি। আমি এই ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করে দলকে কিছুটা উৎসাহিত করি যেমন ‘দিনের কোন সময় এটা হয়?’, ‘তোমরা যখন মন্দিরে যাও, তখন তোমরা কি পোশাক পর?’, ‘তোমাদের ঠাকুরদা ঠাকুমারাও কি উদযাপন করেন?’, ইত্যাদি ইত্যাদি।

আমি তারপর ব্যাখ্যা করেছিলাম যে প্রতিটি দলকে তাদের উৎসবের প্রতিনিধিত্বকারী একটি পোস্টার তৈরি করতে হবে। বাড়ির কাজ হিসেবে, আমি আমার শিক্ষার্থীদের তাদের বাবামা, ঠাকুরদা ঠাকুমা এবং বাড়ির বা সম্প্রদায়ের অন্য কারুর কাছ থেকে উৎসব সম্পর্কে আরও বিশদ তথ্য জেনে নিতে বলি। আমি তাদের কিছু নমুনা প্রশ্ন দিই যেমন, ‘উৎসবটি কি সবসময় এখানে পালিত হয়েছে? এটা কি সবসময় এত বড় আকারের হত? গানবাজনা কি পাল্টে গেছে?’ পোস্টার নিয়ে কাজ করার জন্য আমি আমার শিক্ষার্থীদের এক সপ্তাহ ধরে দিনে একটি করে পাঠ বরাদ্দ করি। তাদের কথা শুনতে ও পর্যবেক্ষণ করতে এবং প্রয়োজনে সাহায্য করতে আমি এক দল থেকে অন্য দলের কাছে গেছি।

আমি তাদের বলি তারা স্কুলের ভাষায় বা তাদের বাড়ির ভাষায় অথবা দুটি মিশিয়ে পোস্টার লিখতে পারে। তাদের মধ্যে কেউ কেউ এই প্রথমবার শ্রেণিকক্ষে তাদের বাড়ির ভাষায় লিখেছিল। তারা এটা করার সময় উত্তেজিত ছিল।

তাদের কাজ শেষ হওয়ার পরে, প্রতিটি দল বাকি শ্রেণির কাছে তাদের পোস্টার উপস্থাপন করে। অন্যান্য শিক্ষার্থীরা এবং আমি তাদের প্রশ্ন জিজ্ঞাসা করি। আমরা সকলে অনেককিছু শিখেছি। সবার পড়া এবং আনন্দ উপভোগ করার জন্য আমি তারপর দেয়ালে রঙিন পোস্টারগুলো আটকে দিয়েছিলাম।

## চিন্তার জন্য সাময়িক বিরতি

- এই প্রকল্পে তার শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য শ্রীমতি হাঁসদা কি কি সুযোগ  পেয়েছিলেন?
- এই প্রকল্পটি আপনি কীভাবে ছোট শিক্ষার্থীদের জন্য উপযোগী করে তুলবেন?
- বড় শিক্ষার্থীদের জন্য, কীভাবে প্রকল্পটি প্রসারিত করা যেতে পারে?

এই পরের পর অ্যাক্টিভিটিগুলি শিক্ষার্থীদের তাদের ভাষা ও অক্ষরজ্ঞানের দক্ষতা অর্জন করতে অনেক সুযোগ দিয়েছিল। এর সঙ্গে জড়িত:

- ুরো শ্রেণি ও ছোট ছোট দলভিত্তিক আলোচনা
- তাদের পরিবার এবং সমাজের মানুষদের সঙ্গে কথোপকথন
- নোট নেওয়া
- লেখা
- মৌখিক উপস্থাপনা
- সক্রিয়ভাবে শোনা
- প্রশ্ন জিজ্ঞাসা করা।

বিদ্যালয়ের এবং তাদের বাড়ির ভাষা উভয় ব্যবহার করার জন্য তাদেরকে পুরো সময় ধরে উৎসাহিত করা হয়েছিল।

প্রকল্পের কেন্দ্রে ছিল শিক্ষার্থীদের স্থানীয় জ্ঞান। শিক্ষকের কাছে ব্যক্তি ও দলকে নিরীক্ষণ করার সময় ছিল। শিক্ষার্থীদের দক্ষতা এবং অংশগ্রহণ সম্পর্কে তিনি নোট বা একটি যাচাই তালিকা রাখতে পারেন।

ছোট শিক্ষার্থীদের জন্য, এইরকম কোন প্রকল্পে কথা বলা এবং শোনার ওপর জোর দেওয়া উচিত। ছোট শিক্ষার্থীরা এছাড়াও একটি উৎসবের ছবি আঁকতে পারে বা তার কোন বিশেষ অংশকে নাট্যরূপ দিতে পারে। বড় শিক্ষার্থীদের ক্ষেত্রে, একটি লিখিত প্রকল্প আরো উপযুক্ত হবে, যেখানে গবেষণা অন্তর্ভুক্ত করতে হবে ও উৎসব সম্পর্কে বিশেষ শব্দভান্ডার ও জ্ঞান ব্যবহার করতে হবে, এবং ভাষা, ইতিহাস ও ঐতিহ্যগত সংস্কৃতি থেকে তথ্য সংগ্রহ করতে হবে।

আপনার শিক্ষার্থীদের মধ্যে সহযোগিতামূলক কাজের মূল্য সম্বন্ধে আরো অনেক ধারণা রয়েছে মূল সম্পদ ‘শেখার জন্য কথা বলুন’-এ।



ভিডিও: শেখার জন্য কথা বলুন

# 4 সারসংক্ষেপ

বিদ্যালয়ে শিক্ষার্থীদের ভাষা ও অক্ষরজ্ঞানের দক্ষতার উন্নতি করতে এই ইউনিটে আপনার শিক্ষার্থীদের বাড়ি এবং সমাজভিত্তিক অভিজ্ঞতাগুলিকে কাজে লাগানোর গুরুত্ব এবং মূল্য বর্ণিত হয়েছে। আপনার শিক্ষার্থীরা যদি লক্ষ্য করে যে তারা যা কিছু করে এবং বিদ্যালয়ের বাইরে যে ভাষা ব্যবহার করে, সেটিকে তাদের শিক্ষকরা মূল্য দিচ্ছেন তবে বিদ্যালয়ে শেখার বিষয়ে তারা আরো আত্মবিশ্বাসী এবং উদ্বুদ্ধ হবে। আপনি শিক্ষার্থীদের বিদ্যালয়ে বাইরের আগ্রহ সম্পর্কে আরো বেশি জানতে নিয়মিত তাদের সাথে কথাবার্তা বলা এবং আলোচনা করার দ্বারা আপনার শিক্ষার্থীদের দেখাতে পারেন যে আপনি তাদের অভিজ্ঞতাগুলিকে মূল্য দেন।

ইউনিটটিতে আরো কয়েকটি পদ্ধতি বর্ণনা করা হয়েছে যার সাহায্যে আপনি পাঠ্যবইয়ের বিষয়গুলিকে আপনার শিক্ষার্থীদের কাছে আরো অর্থপূর্ণ এবং প্রাসঙ্গিক করে তুলতে পারেন, তাদের এবং তাদের পরিবার ও সমাজের লোকদের জ্ঞানকে কাজে লাগিয়ে। আপনি কোনো পাঠ্যবইয়ের বিষয়, এবং শিক্ষার্থীর যে কোন স্তর অনুযায়ী এই ধরনের অ্যাক্টিভিটিগুলিকে উপযোগী করে নিতে পারেন।

# সম্পদসমূহ

## সম্পদ 1: সকলকে অন্তর্ভুক্ত করা (Involving all)

### ‘সকলকে অন্তর্ভুক্ত করা’ র অর্থ কী?

সমাজ ও সংস্কৃতির বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানতে এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং প্রেক্ষাপট নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এও স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা আগে উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচক ভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের প্রতি বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

## আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি *লক্ষ করেন* । আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সংযুক্ত হতে পারে হয় তাও আপনি লক্ষ করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে সংযুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক ( marginalised ) মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ এইরূপ মনে করতে পারে।
- **আত্মমর্যাদার ওপর গুরুত্ব দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ থাকেন। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য রাখেন। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।
- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি স্থগিত রাখতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

## যে পন্থাগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের নমুনা:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে ভালো নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের যথাযথ সম্মান দিয়ে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবাই কে সম্মান দিয়ে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সামর্থ অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা

আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরকে যথাযথ সম্মান দিয়ে আচরণ করে তা নিশ্চিত করুন।

- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন ভাবে শেখে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের শিখনের জন্য তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলি পছন্দ করার সুযোগ দিতে পারেন।
- **শিখনকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর কাছে তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, এই শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। 'আজকে তুমি আমাকে বিরক্ত করছ' মন্তব্যটা খুবই ব্যক্তিগত, বরং এটাকেই 'তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর' দিয়ে আরও ভালো ভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারনে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?' বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **গতানুগতিক চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিত্বদের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা যত্নশীল হয় আর ছেলেরা খেলাধুলো করে, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে ওইভাবে কথা বলতেই অভ্যস্ত।
- **একটা নিরাপদ, আন্তরিক শিখন পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাচ্ছন্দ বোধ করা আবশ্যক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কি রকম মনে হতে পারে এবং ধারণা হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায় তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ অক্ষমতা আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসান যেখান থেকে তারা পাঠে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ করতে পারবেন।

## নির্দিষ্ট শিক্ষণ পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশী সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন

করুন। শিক্ষার্থীদের 'চিন্তা করার সময়' দিন এবং নির্দিষ্ট শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলগত কাজ করার পন্থা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।

- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুপ্ত প্রতিভা উন্মোচন এবং ঘাটতি দূর করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের সামর্থ্য সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যা অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভাল ভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলগত কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।

**পৃথকীকরণ:** আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীদেরকে তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। একাধিক সম্ভাবনাময় কাজ নির্ধারণ সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া তাদের কাজের স্বত্বাধিকার বোধ করাতে এবং তাদের নিজেদের শেখার জন্য দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Austin, R. (ed.) (2009) *Letting the Outside In.* London: Trentham Books.

BBC News (2013) 'Is Indian storytelling a dying art?' (online), 23 March. Available from: http://www.bbc.co.uk/news/world-asia-india-21651933 (accessed 16 September 2014).

Bridges, L. (1995) *Creating Your Classroom Community*, Portland, ME: Stenhouse Publishers.

Kenner, C. (2000) *Home Pages: Literacy Links for Bilingual Children*. Stoke-on-Trent: Trentham Books.

Pattanayak, B., Gupta, D. and Singha, S. (undated) 'Local art education for whole child development: a case of Paitkar painting in Amadubi village' (online), supported by UNICEF-Jharkhand, JEPC, JTWRI. Available from: http://www.academia.edu/5937590/Towards_holistic_development_of_children_using_local_art_and_culture_in_Jharkhand_India (accessed 18 November 2014). This resource looks at the holistic development of children using local art and culture.

Webster, L. and Reed, S. (2012) *The Creative Classroom.* London: Collins.

আমার বই Class I and II West Bengal Board of Primary Education

আমাদের পরিবেশ III, IV, V West Bengal Board of Primary Education

# কৃতজ্ঞতাস্বীকার

অন্যথায় শনাক্ত না হলে এই বিষয়বস্তুটি ক্রিয়েটিভ কমনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), অধীনে উপলব্ধ। TESS-India, OU ও UKAID লোগোগুলোর ব্যবহার এই লাইসেন্সের অন্তর্ভুক্ত নয়, এগুলো শুধুমাত্র TESS-India প্রোজেক্টের ভিতরে অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায়।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।